# সিডনিস্থ UNSW এর সাইন্স থিয়েটার হলে অনুষ্ঠিত হলো জমকালো সাংস্কৃতিক সন্ধা বাংলাদেশ নাইট ২০১৫.

গত ১লা নভেম্বর সিডনিস্থ UNSW এর সাইন্স থিয়েটার হলে অনুষ্ঠিত হলো জমকালো সাংস্কৃতিক সন্ধা বাংলাদেশ নাইট ২০১৫. বাংলাদেশের সুবিধা বঞ্চিত শিশুদের সাহায্যার্থে আয়োজক সংগঠন "লিসেন ফর" এই অনুষ্ঠানের আয়োজন করে. সম্প্রতি বাংলাদেশের কন্ঠশিল্পী দি রক স্টার শুভ সংগীত বিষয়ে পড়াশোনার জন্য সিডনি আসেন. তিনি এবং তার কিছু কাছের মানুষের উদ্যোগে পথচলা শুরু হয় "লিসেন ফর" এর. অনুষ্ঠানটিতে সংগীত পরিবেশনা করেন বাংলাদেশ থেকে আগত বেন্ড ফুয়াদ ন ফ্রেন্ডস, বেসবাবা সুমন ( অর্থহীন), কনা, দি রকস্টার শুভ নিজে এবং ডি জে রাহাত. পুরো অনুষ্ঠানটির ইভেন্ট ম্যানেজমেন্ট এর দায়িত্বে ছিল সনামধন্য ইভেন্ট ম্যানেগমেন্ট প্রতিষ্ঠান creato . প্রতিষ্ঠানটির কর্ণধার চিত্রশিল্পী জনাব রশিদ খান উপস্থিত ছিলেন অনুষ্ঠানে এবং মূল অনষ্ঠান শুরুর পূর্বে তার একটি একক চিত্রকর্ম প্রদর্শনী অনুষ্ঠিত হয়. এই প্রদর্শনী থেকে যা অর্থ উপার্জিত হয় তার পুরোটাই সেভ দি চিলড্রেন বাংলাদেশ শাখায় দান করা হয়.

অনুষ্ঠানের শুরুতেই ছিল চমক লাগানো থ্রি ডি মেপিং এর মাধমে লোগো উন্মোচন. প্রথমবারের মত অস্ট্রেলিয়ার বাংলাদেশ কমুনিটির কোনো অনুষ্ঠানে এই আয়োজন দেখা যায়. এরপরই মঞ্চে উঠে আসে দুটি শিশু যারা চমত্কার ভাবে একটি তুলনামূলক চিত্র তুলে ধরে বর্তমান বাংলাদেশ এবং অস্ট্রেলিয়ায় বসবাসরত বাংলাদেশী শিশুদের মধ্যে. এরপর একে একে মঞ্চে উঠে আসে লিসেন ফর এর সদস্যরা.সংগঠনের অন্যতম সদস্য ডি রকস্টার শুভ মঞ্চে উপস্থিত হননি কারণ তিনি ব্যস্ত ছিলেন অনুষ্ঠানের প্রস্তুতি নিয়ে. স্বাগত বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক জনাব আখতার উদ্দিন টিপু এবং সভাপতি জনাব ফায়সাল ফরিদ. তারা বলেন তাদের সংগঠনটির সম্পর্কে. তারা জানান আজকের এই অনুষ্ঠাত থেকে অর্জিত অর্থ দিয়ে তারা আগামী পাঁচ বছর তিনটি বাচার ভরণ পোষণের দায়িত্ত নিবেন . তারা একে একে মঞ্চে আমন্ত্রণ জানান অনুষ্ঠানটির প্রধান পৃষ্ঠপোষক সেঞ্চুরি ২১ প্রপার্টি কেয়ার , মিন্টো এবং G M কাব এর প্রতিনিধিদের এবং অন্যান্য সকল পৃষ্ঠপোষককে. অনুষ্ঠানটি সার্বিক ভাবে প্রিষ্ঠপষণ করেন আনন্দ ট্রাভেল, মার্রিক্ভিল, কস্তুরী রেস্তুরেন্ট এন্ড ফাংশন সেন্টার, স্পাইস অফ লাইফ রেস্তুরেন্ট, স্মার্ট মানি ট্রান্সফার এবং স্মার্ট মোশন ষ্টুডিও. সকল প্রিষ্টপসকদের হাতে ক্রেস্ট তুলে দেন সংগঠনটির বিপণন কর্মকর্তা জনাব শাহীন হাওলাদার এবং দাপ্তরিক সম্পাদক জনাব জাহিদুর রহমান.

অনুষ্ঠানটিতে অথিতি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কমুনিটির অত্যন্ত জনপ্রিয় মুখ, সমাজ সেবক,সফল রাজনীতিবিদ জনাব রশিদ ভুইয়া. আরো উপস্থিত ছিলেন Mr Ron Delezio যিনি আরেকজন রাজনীতিবিদ এবং বিভিন্ন আন্তর্জাতিক দাতব্য সংগঠন এর প্রতিষ্ঠাতা. জনাব রশিদ ভুইয়া এমন একটি মহত উদ্যোগকে সাধুবাদ ও স্বাগত জানান. তিনি ভবিষতে এই সংগঠনের বিভিন্ন কার্যক্রমের সাথে সম্পৃক্ত হওয়ার বেপারে আশাবাদ ব্যক্ত করেন.

অনুষ্ঠানের মূল পর্ব শুরু হয় ফুয়াদ ন ফ্রেন্ডস এর পরিবেশনার মাধমে. দলটির ভোকাল ড রকস্টার শুভ জনপ্রিয় সব পুরাতন গান এর আধুনিক পরিবেশনায় মাতিয়ে তোলেন পুরো হলের দর্শকদের. তার অসাধারণ গায়কী তে মুগ্ধ সিডনি বাসী নতুন করে চিনলো শুভ কে. এরপর ফুয়াদ মঞ্চে আমন্ত্রণ জানান কন্ঠশিল্পী কনাকে. কনা তার গানের ভান্ডার খুলে বসেন আর মন্ত্রমুগ্ধ করে রাখেন হল ভর্তি দর্শক কে. বিরতির আগে মঞ্চে আসেন অর্থহীনের সুমন. কর্কট রোগের সাথে সুদীর্ঘ লড়াইয়ের পর একজন হার না মানা নির্ভিক চিত্তের বীরের মতই তিনি মঞ্চে উঠে আসেন এবং মাতিয়ে তোলেন পুরো অডিটোরিয়াম. একে একে তার জনপ্রিয় গানের মূর্ছনায় আচ্ছন্ন করে রাখেন সবাইকে. বিরতির পর সুমন আবার মঞ্চে উঠে আসেন এবং শোনাতে থাকেন,"অদ্ভুত সেই ছেলেটি", "এপিটাফ ", "তুমি ভরেছ এই মন" জনপ্রিয় সব গান. এরপর মঞ্চে আবার আসেন ফুয়াদ ন ফ্রেন্ডস , কনা এবং ডি জে রাহাত . একত্রে তারা পরিবেশন করে" চার ছক্কা হই চৈ".

অনুষ্ঠানের শেষ অংশে ছিল প্রথমবারের মত অস্ট্রালিয়াতে কোনো বাংলাদেশী ডি জের পরিবেশনা. ডি জে রাহাত তার সাবলীল ডি জেইং এর মাধমে আবাল বৃদ্ধ বনিতা সবাইকে নিয়ে এসেছিলেন ডান্স ফ্লোরে. শিশুদের জন্য আয়িজিত এই অনুষ্ঠানের শেষ অংশে শিশুদের অংশগ্রহণ ছিল চোখে পরার মত. তারা মঞ্চের উপর তালে তাল মেলান ডি জে রাহাত এর সঙ্গে. অভাবেই সমাপ্তি ঘটে একটি অসাধারণ আয়োজনের. আর দর্শকদের সাথে কথা বলে জানা যাই এমন একটি আয়োজন সিডনি র বুকে এই প্রথম . তারা অধীর আগ্রহে অপেক্ষা করছেন "লিসেন ফর" এর বাংলাদেশ নাইট পরবর্তী সংস্করণের জন্য.


Will you?
YOUR SPONSORSHIP
Name:
Location:


S M S


POLICE LINE
S M S


S M S
SMART MOTION STUDIO


creato








ANGLADESH Night
PRESENT




CABS








S M S
SMART MOTION STUDIO


S M S
SMART MOTION STUDIO


CABS






SMS
SMART MOTION STUDIO





